

২০১৯

বাংলা (স্নাতকোত্তর)

পাঠপর্যায় - ১

পাঠমালা - ১০৪

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

বিভাগ - 'ক'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪ X ২ = ৮

১. অভিসারের সংজ্ঞা দাও। এই পর্যায়ের একটি পদের প্রথম পংক্তি লেখো।
২. 'তাতল সৈকতে বারিবিন্দু সম' - পদটি কোন পর্যায়ের? পদটির রচয়িতা কে?
৩. কবি বিদ্যাপতির সংক্ষিপ্ত পরিচয় দাও।
৪. অদ্বৈত আচার্য কে ছিলেন?
৫. চৈতন্য চরিতামৃত কয়টি খণ্ডে বিভক্ত? খণ্ডগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।
৬. 'নারায়ণ চতুর্ভূহ মৎস্যাবতার' - এখানে 'চতুর্ভূহ' কী?
৭. কবি রামেশ্বরের সংক্ষিপ্ত পরিচয় দাও।
৮. 'শিবায়ন' কাব্যে কে কেন শাঁখারীর বেশধারণ করেছিলেন?

বিভাগ - 'খ'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪ X ৪ = ১৬

১. 'শিবায়ন' কাব্যে 'গৌরীর তপস্যা'র বিবরণ দাও।

(2)

২. 'শিবায়ন' কাব্যে যে বিবাহকালীন আচারগুলির উল্লেখ আছে, সে সম্পর্কে লেখো।
৩. 'আনন্দাংশে হ্লাদিনী সদংশে সন্ধিনী।  
চিদংশে সন্ধিৎ যারে জ্ঞান করি মানি।।'  
- পদটি বিশ্লেষণ করো।
৪. চৈতন্যচরিতামৃতের আদিলীলার চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে চৈতন্য অবতারের কারণ সম্পর্কে আলোচনা করো।
৫. রাধা পূর্ণ শক্তি কৃষ্ণ পূর্ণ শক্তিমান।  
দুই বস্তু ভেদ নাহি শাস্ত্র পরমাণ।।  
- পদটি ব্যাখ্যা করো।
৬. 'আত্মেন্দ্রিয় প্রীতি ইচ্ছা' ও 'কৃষ্ণেন্দ্রিয় প্রীতি ইচ্ছা' সম্পর্কে আলোচনা করো।
৭. 'পিয়া যব আওব...' - পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।
৮. আক্ষেপানুরাগ বলতে কী বোঝো? চণ্ডীদাসের আক্ষেপানুরাগের পদটি বিশ্লেষণ করো।

বিভাগ - 'গ'

যে কোনো দু'টি প্রশ্নের উত্তর লেখো।

২ X ৮ = ১৬

১. মাথুর কাকে বলে? তোমার পাঠ্যপদ অবলম্বনে এই পর্যায়ের পদের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।  
২ + ৬
২. 'নীরদ নয়নে নীরঘন সিঞ্চনে' - পদটির রচয়িতা কে? পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।  
১ + ৭
৩. 'চৈতন্যচরিতামৃত' কাব্যের মধ্যলীলার অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে রাধাতত্ত্বের স্বরূপ বিশ্লেষণ করো।  
৮

8. রামেশ্বরের 'শিবায়ন' কাব্য অবলম্বনে তৎকালীন বাংলাদেশের লৌকিক  
জীবনধারার পরিচয়টি পরিস্ফুট করো।

৮

আভ্যন্তরীণ মূল্যায়ন - ১০